

হৃদয় আমার ওই বুঝি তোর ফাল্গুনী ঢেউ আসে—
বেড়া ভাঙার মাতন নামে উদ্দাম উল্লাসে ॥
তোমার মোহন এল সোহন বেশে, কুয়াশাভার গেল ভেসে—
এল তোমার সাধনধন উদার আশ্বাসে ॥
অরণ্যে তোর সুর ছিল না, বাতাস হিমে ভরা—
জীর্ণ পাতায় কীর্ণ কানন, পুষ্পবিহীন ধরা ।
এবার জাগ্ রে হতাশ, আয় রে ছুটে অবসাদের বাঁধন টুটে—
বুঝি এল তোমার পথের সাথি উতল উচ্ছ্বাসে ॥

Parjaay: Prem O Prakriti, Taal: Dadra, Style: Baul
Visit www.geetabitan.com for notation and other detail